সংবাদ

তারিখ ... 27/7/83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...



# চারশ' কমিউনিটি স্কুল প্রতিষ্ঠা করা হবে

লৌহজং, ২৬শে জুলাই (বাসস)।---দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনার অধীন স্বল্পতম সময় এবং খরচে পল্লীর জনগণকে দক্ষ শক্তিতে রূপান্তরিত করার লক্ষ্যে ২শ' উপজেলায় চারশ' কমিউনিটি স্কুল প্রতিষ্ঠা করা হবে।

শ্রম ও জনশক্তি মন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অব:) কে, এম আমিনুল ইসলাম গতকাল লৌহজং পাইলট হাইস্কুলে একটি কমিউনিটি স্কুল প্রকল্প উদ্বোধন কালে একথা বলেন।

তিনি বলেন, কমিউনিটি স্কুল প্রকল্প দেশের শিক্ষা ব্যবস্থায় নতুন অধ্যায়ের সৃষ্টি করবে।

মন্ত্রী উল্লেখ করেন যে, আমাদের জনসংখ্যার বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ আনুষ্ঠানিক শিক্ষা থেকে বঞ্চিত এবং চাকরি ক্ষেত্রে নিজেদেরকে উপযুক্ত করে গড়ে তুলতে পারে না।

পরে মন্ত্রী ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী এবং কৃতি ছাত্রদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

এর আগে তিনি লৌহজং উপজেলার সর্বস্তরের জনগণের উদ্দেশ্যে বক্তৃতাকালে বলেন, সরকার সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য বিচার

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## কমিউনিটি স্কুল

(১ম পৃষ্ঠার পর)

ব্যবস্থাকে জনগণের দ্বারপ্রান্তে পৌঁছে দিয়েছে।

দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গৃহীত সরকারের পদক্ষেপ ব্যাখ্যা করে মন্ত্রী বলেন, উন্নয়ন কর্মকাণ্ডে অংশ গ্রহণকারী জনগণ সরকারী সরঞ্জামের অপব্যবহার বন্ধ এবং যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে পারে।

তিনি অর্থনৈতিক মুক্তি ও সামাজিক ন্যায় বিচার নিশ্চিত করতে সরকারের ১৮ দফা কর্মসূচী বাস্তবায়নে প্রশাসনের সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য জনগণের প্রতি আহবান জানান।